

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/২২ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-১১৪-আইন/২০১৭।—ঢাকাস্থ বিশেষ মামলা নং-০৩/২০১০ (যা মেট্রো বিশেষ মামলা নং-১৭৭/২০০৯; ACC জি, আর, মামলা নং-১০২/২০০৮; রমনা মডেল থানা মামলা নং-৮, তারিখঃ ০৩-০৭-২০০৮ খ্রিঃ) Section 409, 109 of Penal Code এবং Prevention of Corruption Act, 1947 under section 5(2) যা জিয়া অরফানেজ ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবনে অবস্থিত বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন; উক্ত ভবনে বহু সংখ্যক আদালতের বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে। বিধায়, নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act. V of 1898) এর Section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৩/২০১০ এর বিচার কার্যক্রম পরিচালনা করার জন্য ঢাকা মহানগরের বকশীবাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকাণ্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসেবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৫ ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৩/২০১০ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকশীবাজার এলাকার সরকারী আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিকাশ কুমার সাহা  
যুগ্মসচিব (প্রশাসন-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৪৮৯৯ )

মূল্য : টাকা ৪.০০